আলমডাঙ্গা হাটবোয়ালিয়ায় বিদ্যুৎপিষ্ট হয়ে কিশোরীর মৃত্যু

ইট ভাটায় খেলতে গিয়ে খাদিজা খাতুন (১৪) নামের এক কিশোরীর করুণ মৃত্যু হয়েছে। মঙ্গলবার বিকেল ৫ টার দিকে ভাংবাড়িয়ার এসএস ব্রিকস ভাটা এ দুর্ঘটনাটি ঘটে। মুহুর্ষ অবস্থায় এলাকাবাসী উদ্ধার করে হারদি হাসপাতালে ভর্তি করে।

পরিবার ও এলাকাসূত্র জানাযায়, আলমডাঙ্গার ভাংবাড়িয়া ইউনিয়নের হাটবোয়ালিয়া মাঠপাড়ার আজির উদ্দিনের ৭ম শ্রেণীর ছাত্রী খাদিজা খাতুন। মঙ্গলবার বিকেলে বন্ধুদের সাথে এসএস ইট ভাটায় খেলতে যায়।

এসময় অসচেতন অবস্থায় বৈদ্যুতিক তারে হাত দিলে বিদ্যুৎ স্পর্শে ঘটনাস্থলে গুরুত্বর আহত হয়। স্থানীয়দের সহযোগিতায় কিশোরী খাদিজাকে হারদি হাসপাতালে নিলে কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার্ড করে।

পথের মধ্যে কিশোরী মৃত্যু বরণ করে। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় অপমৃত্যু মামলা দায়ের করা হয়।

মেহেরপুরে ৬টি ইউপি নির্বাচনে চেয়ারম্যান প্রার্থী ২৮

তৃতীয় দফায় মেহেরপুরের দুটি উপজেলার ৬টি ইউনিয়ন পরিষদ নির্বাচনে শেষ দিনে পর্যন্ত ২৮ জন চেয়ারম্যান প্রার্থী মনোনয়ন পত্র জমা দিয়েছেন। এর মধ্যে গাংনী উপজেলার ৪টি ইউনিয়নে ২১ ও মেহেরপুর সদরে দুটি ইউনিয়নে ৭জন প্রার্থী রিটানিং অফিসারের কাছে মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

তফসিল অনুযায়ী মনোনয়নপত্র বাছাই ৪ নভেম্বর ও প্রত্যাহারের শেষ

সময় ১১ নভেম্বর, ১২ নভেম্বর প্রতীক বরাদ্দ, ভোটগ্রহণ হবে ২৮ নভেম্বর।

জেলা নির্বাচন অফিস সূত্রে জানা গেছে, গাংনী উপজেলার কাজিপুর ইউনিয়নে,আওয়ামীলীগ সমর্থিত মো: রেজাউল হক,সাবেক চেয়ারম্যান মো: আলম হোসেন,আব্দুল আলিম,আব্দুর রউফ,আব্দুর রশিদ,গোলাম সারোয়ার আজম ও আব্বাস আলী।

ষোলটাকা ইউনিয়েনে আওয়ামীলীগ সমর্থিত মো: দেলবার হোসেন,বর্তমান চেয়ারম্যান মনিরুজ্জামান মনি,আনোয়ার পাশা ও জাতীয় পার্টির জান মো: মিন্টু।

ধানখোলা ইউনিয়নে,আওয়ামীলীগ সমর্থিত সাবেক চেয়ারম্যান আব্দুর রাজ্জাক,বর্তমান চেয়ারম্যান আখেরুজ্জামান,আলী আজগর,রিপন হোসেন ও ইসলামী আন্দোলনের তহিরুল ইসলাম।

রায়পুর ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত বর্তমান চেয়ারম্যান গোলাম সাকলায়েন সেপু,সাবেক চেয়ারম্যান আলফাজ উদ্দীন ও আব্দুর রব,হুমায়ন কবির,হাফিজুর রহমান।

মেহেরপুর সদর উপজেলার বুড়িপুতা ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত শাহ জামাল,আমিরুল ইসলাম ও রেজাউল হক। কুতুবপুর ইউনিয়নে আওয়ামীলীগ সমর্থিত সাবেক চেয়ারম্যান ইদ্রীস আলী,সাইফুল ইসলাম,সেলিম হোসেন,ইসলামী আন্দোলনের রোকুনুজ্জামান।

জেলা নির্বাচন কর্মকর্তা আবু আনসার জানিয়েছে,কাজিপুর ও ষোলাটাকা ইউপিতে গাংনী উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মো: আলাউদ্দীন,ধানখোলা ও রায়পুর ইউপিতে জনস্বাস্থ্য’র সহকারী প্রকৌশলী মাহফুজুর রহমান ও মেহেরপুর সদর উপজেলা নির্বাচন কর্মকর্তা কবির উদ্দীনকে কুতুবপুর ও বুড়িপুতা ইউনিয়নে রিটানিং অফিসারের দায়িত্ব দেয়া হয়েছে।

গাংনীর সাহারবাটিতে নৌকার নির্বাচনী অফিসে অগ্নি সংযোগের ঘটনায় প্রতিবাদ সভা

মেহেরপুরের গাংনী উপজেলার ৭ নং সাহারবাটি ইউনিয়ন পরিষদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থীর নির্বাচনী অফিসে অগ্নি সংযোগের বিরুদ্ধে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যায় সাহারবাটি চারচারা বাজার কার্যালয়ে এই প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। নৌকা প্রতিকের মনোনীত প্রার্থী মশিউর রহমানের সভাপতিত্বে বক্তব্যে রাখেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের মহিলা বিষয়ক সম্পাদক নুরজাহান বেগম, সাহারবাটি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম ফারুক, সাহারবাটি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক তৌহিদ মুর্শেদ অতুল, অনুষ্ঠান পরিচালনা করেন গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি তৌহিদুল ইসলাম।

সভায় বক্তারা বলেন ১১ তারিখে আসন্ন ইউপি নির্বাচনকে যারাই বানচাল করার চেষ্টা করবে তাদেরকে শক্ত হাতে প্রতিহত করা হবে। প্রশাসনের দৃষ্টি আকর্ষণ করে বক্তরা আরও বলেন বাংলাদেশ আওয়ামী লীগ শান্তি প্রিয় একটি দল এই শান্তির ধারাকে জামাত বিএনপি মদদে যারা বিঘ্ন ঘটানোর চেষ্টা করবে তাদেরকে আইনের আওতায় এনে উপযুক্ত বিচার করার । কোনো ভাবেই আসন্ন নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করতে দেওয়া হবে না। সভায় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আতাউর রহমান টোকনসহ স্থানীয় আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্র লীগ সহ অঙ্গ সংগঠনের নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত সোমবার রাতে সাহারবাটি ইউনিয়নের ৯ নম্বর ওয়ার্ডের নৌকার নির্বাচনী অফিস ও ভাটপাড়া গ্রামের নির্বাচনী অফিসে অগ্নিসংযোগের ঘটনা ঘটে।

কোটচাঁদপুর ইউপি নির্বাচনে ২’শ ৭৫ জনের মনোনয়ন পত্র দাখিল

আগামী ২৮ নভেম্বর অনুষ্ঠিতব্য তৃতীয় ধাপের ইউনিয়ন পরিষদ নির্বাচনে ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার ৫টি ইউনিয়নে মনোনয়ন পত্র দাখিলের শেষ দিনে মঙ্গলবার (০২ নভেম্বর) রিটার্নিং অফিসারের নিকট ইউপি চেয়ারম্যান পদে ৩৯ জন, সংরক্ষিত নারী সদস্য পদে ৫০ জন ও সাধারণ সদস্য পদে ১’শ ৮৫ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন।

সাফদারপুর ইউনিয়নের চেয়ারম্যান পদে ৫ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১জন, স্বতন্ত্র প্রার্থী-৩ জন ও ইসলামী আন্দোলন বাংলাদেশের ১ জন প্রার্থী রয়েছেন। এছাড়াও সংরক্ষিত নারী সদস্য পদে ১০ জন ও সাধারণ সদস্য পদে ৩১ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। দোড়া ইউনিয়নের চেয়ারম্যান পদে ৯ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী-১জন, স্বতন্ত্র প্রার্থী-৬ জন ও ইসলামী আন্দোলন বাংলাদেশের-১ জন ও জাকের পার্টির-১ প্রার্থী রয়েছেন।

এ ইউনিয়নে সংরক্ষিত নারী সদস্য পদে ১৩ জন ও সাধারণ সদস্য পদে ৩৮ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। কুশনা ইউনিয়নের চেয়ারম্যান পদে ১২ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১, স্বতন্ত্র-৯ ও ইসলামী আন্দোলন বাংলাদেশের ১, ও জাকের পার্টির ১ জন প্রার্থী রয়েছেন। এছাড়াও সংরক্ষিত নারী সদস্য পদে ১০ জন ও সাধারণ সদস্য পদে ৪৫ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। বলুহর ইউনিয়নের চেয়ারম্যান পদে ৬ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১ জন, স্বতন্ত্র প্রার্থী হিসাবে ৪ জন ও জাকের পার্টির ১ জন এবং সংরক্ষিত নারী সদস্য পদে ১০ জন ও সাধারণ সদস্য পদে ৪০ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। এলাঙ্গী ইউনিয়নের চেয়ারম্যান পদে ৭ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন।

এর মধ্যে আ.লীগের দলীয় মনোনীত প্রার্থী ১জন, স্বতন্ত্র প্রার্থী-৪ জন ও ইসলামী আন্দোলন বাংলাদেশের ১ ও জাকের পার্টির ১ জন প্রার্থী মনোনয়ন পত্র দাখিল করেছেন। এছাড়াও সংরক্ষিত নারী

সদস্য পদে ৭ ও সাধারণ সদস্য পদে ৩২ জন মনোনয়ন পত্র দাখিল করেছেন। নির্বাচন কমিশনের তফসিল অনুযায়ী মনোনয়ন পত্র জমার শেষ দিন ২ নভেম্বর, যাচাই-বাছাই ৪ নভেম্বর, প্রত্যাহার ১১ নভেম্বর এবং নির্বাচনে অনুষ্ঠিত হবে আগামী ২৮ নভেম্বর।

উপজেলা নির্বাচন অফিসার ও রির্টানিং কর্মকর্তা মোঃ ওয়াহিদ মুরাদ জানান, উপজেলার ৫টি ইউনিয়নে মোট ভোটার ৮৭ হাজার ১’শ ৮৪ জন। এরমধ্যে পুরুষ ৪৪ হাজার ২’শ ১৮ জন। এবং নারী ৪২ হাজার ৯’শ ৬৬ জন ভোটার তাদের ভোটাধিকার প্রয়োগ করবেন।

আদিয়ান মার্ট লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তাসহ ৩ জনকে ৩ দিনের রিমান্ডে

চুয়াডাঙ্গায় প্রতারণা মামলায় ই-কর্মাস প্রতিষ্ঠান আদিয়ান মার্ট লিমিটেডের প্রধান নির্বাহী কর্মকর্তা জুবায়ের সিদ্দিকী মানিকসহ ৩ জনকে ৩ দিনের রিমান্ড ও বয়স বিবেচনায় ১ জনকে জেলগেটে ১ দিনের জিজ্ঞাসাবাদের আদেশ দিয়েছেন আদালত।

মঙ্গলবার দুপুরে চুয়াডাঙ্গার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিজ্ঞ বিচারক মানিক চন্দ্র দাস এই আদেশ দেন। এর আগে চুয়াডাঙ্গা সদর থানায় আতিকুর রহমান উজ্জলের দায়ের করা মামলায় গ্রেপ্তার দেখিয়ে গত শনিবার আদিয়ান মার্টের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) জুবায়ের সিদ্দিক মানিক, পরিচালক মাহমুদ সিদ্দিক রতন ও তাদের বাবা আবু বকর সিদ্দিক এবং ম্যানেজার মিনারুল ইসলামকে আদালতে সোপর্দ করা হয়।

একইসাথে সাতদিনের রিমান্ডের আবেদনও করে মামলার তদন্তকারী কর্মকর্তা। ওইদিন ছুটির দিন হওয়ায় আদালতের বিচারক ৪ জনকেই জেলহাজতে প্রেরণের আদেশ দেন। এরপর মঙ্গলবার দুপুরে শুনানি শেষে তাদের জামিন নামঞ্জুর করে ১ জনকে জেলগেটে জিজ্ঞাসাবাদসহ বিজ্ঞ বিচারক অপর ৩ জনকে তিনদিনের রিমান্ড আবেদন মঞ্জুর করেন।

বিষয়টি নিশ্চিত করেছেন আসামি পক্ষের আইনজীবী অ্যাডভোকেট তালিম হোসেন। তিনি বলেন, আসামি পক্ষ জামিন আবেদন করলে আদালত তা নামঞ্জুর করে আদিয়ান মার্ট এর নির্বাহী কর্মকর্তা (সিইও) জুবাইর সিদ্দিকী, তার ছোট ভাই মাহমুদ সিদ্দিকী, ম্যানেজার মিনারুল ইসলামকে তিন দিনের রিমান্ডে নেওয়ার নির্দেশ দেন। এ সময় সিইও জুবাইর সিদ্দিকীর বাবার বয়স বিবেচনায় আবু বকর সিদ্দিককে একদিনের জন্য জেলগেটে জিজ্ঞাসাবাদের আদেশ দেন।

ঝিনাইদহে করোনাই ক্ষতিগ্রস্ত পরিবারের পাশে দাঁড়ালো রেড ক্রিসেট

ঝিনাইদহে করোনায় ক্ষতিগ্রস্থ ৩’শ পরিবারের মাঝে আর্থিক সহযোগিতা প্রদাণ করা হয়েছে। রেড ক্রিসেট সোসাইটি ঝিনাইদহ ইউনিট এর পক্ষ থেকে সকালে রেড ক্রিসেন্টের কার্যালয়ে এ আর্থিক সহযোগিতা প্রদাণ করা হয়।
এ সময় আগতদের হাতে নগদ টাকা তুলে দেয় জেলা পরিষদের চেয়ারম্যান ও ইউনিটের চেয়ারম্যান কনক কান্তি দাস।
সেসময় উপস্থিত ছিলেন রেড ক্রিসেন্ট সোসাইটি ঝিনাইদহ ইউনিট এর সেক্রেটারী জে এম রশিদুল আলম, কার্যনির্বাহী সদস্য শফিকুল ইসলাম শিমুল, এনামুল হক, সহকারী পরিচালক তাসলিমা খাতুন, যুব প্রধান শাহিনুর রহমানসহ অন্যান্যরা।

কার্যনির্বাহী সদস্য শফিকুল ইসলাম শিমুল জানান, মহামারী করোনায় আর্থিক ভাবে ক্ষতিগ্রস্থ ও করোনায় আক্রান্ত ৩’শ পরিবারের মাঝে প্রত্যেককে ২ হাজার ৫’শ টাকা করে বিতরণ করা হয়।

গাংনীতে নৌকা প্রার্থীর দুটি নির্বাচনী অফিসে আগুন

মেহেরপুরের গাংনী উপজেলার সাহারবাটি ইউনিয়ন পরিষদ নির্বাচনে আওয়ামীলীগ মনোনীত (নৌকার) প্রার্থী ও স্বতন্ত্র প্রার্থীর সমর্থকদের উপর হামলা অগ্নী সংযোগের ঘটনা ঘটেছে।
সোমবার রাতে ভোমরদহ গ্রামে ধাওয়া পাল্টা ধাওয়া এবং রাতেই সাহারবাটি গ্রামে স্বতন্ত্র প্রার্থীর এলাকায় থাকা নৌকার দুটি নির্বাচনী অস্থায়ী অফিসে অগ্নিসংযোগের ঘটনা ঘটে। অগ্নী সংযোগের ঘটনায় দুই প্রার্থীই একে অপরের বিরুদ্ধে পাল্টা পাল্টি অভিযোগ করেছেন। এলাকায় পুলিশি টহল জোরদার করা হয়েছে।
স্থানীয়রা জানান, রাতে নৌকার প্রার্থী মশিউর রহমান ও স্বতন্ত্র প্রার্থী রাকিবুল ইসলাম টুটুলের উপস্থিতিতে দুই প্রার্থীর কর্মীরা বাকবিতণ্ডায় জড়িয়ে পড়ে। এক পর্যায়ে ধাওয়া পাল্টা ধাওয়া ও ভাংচুরের ঘটনা ঘটে। পরে পুলিশ দু’পক্ষের লোকজনকে ছত্রভঙ্গ করে। পরে রাতেই আওয়ামীলীগ প্রার্থী মশিউর রহমানের দুটি নির্বাচনী (অস্থায়ী) অফিসে আগুন দেয় দূর্বৃত্তরা।
এদিকে রাতেই সংবাদ সম্মেলনে ডাক দেন প্রার্থী মশিউর রহমান। তিনি বলেন, সোমবার সন্ধ্যায় ভোমরদহ গ্রামে তিনিসহ ছাত্রলীগের নেতাকর্মীরা নৌকার প্রচারণায় গেলে স্বতন্ত্র প্রার্থী (মটরসাইকেল) মার্কা প্রতিকের প্রার্থী বিভিন্ন মামলার আসামী রাকিবুল ইসলাম টুটুল এলাকার সন্ত্রাসীদের সাথে নিয়ে আমার উপর হামলা করে। এসময় ছাত্রলীগের দুজন কর্মী আহত হয়। এবং একটি মোটরসাইকেল ভাংচুর করে তারা।
এ ব্যাপারে গাংনী থানায় লিখিত অভিযোগ দেয়া হলেও পুলিশের পক্ষ থেকে কোন ব্যবস্থা না নেওয়ায় ওই রাতেই আবারও স্বতন্ত্র প্রার্থী টুটুলের এলাকায় থাকা আমার দুটি নির্বাচনী অফিসে অগ্নিসংযোগ করেছে। সকালে স্থানীয় নেতাকর্মীদের সংবাদে অফিসগুলো পরিদর্শন করা হয়।
অপরদিকে, স্বতন্ত্র প্রার্থী রাকিবুল ইসলঅম টুটুল বলেন, ভোমরদহ গ্রামে প্রচারণায় গেলে সেখানে মশিউর রহমান ও তার লোকজন বিভিন্ন প্রকার শ্লোগান দেয় ও প্রচারণায় বাধা দেয়। এসময় ছাত্রলীগ কর্মীরা কয়েকজনকে মারধর করে। স্থানীয় লোকজন বাধা দেন ও তাকে একটি ঘরে রেখে পুলিশকে খবর দেন। পুলিশ তাকে বাড়ি পৌঁছে দেন। অগ্নীকাণ্ডের ঘটনায় তিনি নিজেকে নির্দোষ দাবী করে বলেন,

স্বতন্ত্র প্রার্থীর পায়ের নিচে মাটি নেই, সব সময় নানা হুমকীর মুখে। তারা কিভাবে নৌকার অফিস পোড়াবে? যারা আগুন লাগিয়েছে তাদেরকে আইনের আওতায় আনার দাবী করা হয়।
গাংনী থানার ওসি মোঃ বজলুর রহমান বলেন, এবিষয়ে লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত স্বাপেক্ষে আইননানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে।

ক্রিকেট ট্যালেন্ট হান্টে বিভাগে উত্তীর্ণ মেহেরপুরের আলিফ

ক্রিকেট `ট্যালেন্ট হান্ট’ প্রতিযোগীয়তায় এ গ্রুপে বোলার হিসেবে খুলনা বিভাগে উত্তীর্ণ হয়েছে মেহেরপেুরের এস এম নাকাম রেজা আলিফ।

আলিফ মেহেরপুর জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজের ৭ম শ্রেণীর ছাত্র। আলিফ মেহেরপুর হাসপাতাল এলাকার জীম ফার্মেসীর মালিক শফির রেজার পান্নার সন্তান।

গত ৩০ অক্টোবর যশোর স্টেডিয়াম মাঠে খুলনা বিভাগীয় পর্যায়ের বাছাই প্রতিযোগীতা সম্পন্ন হয়। আলিফ ইতোমধ্যে উপজেলা থেকে উত্তীর্ণ হয়ে জেলা পর্যায়ে এবং জেলা থেকে উত্তীর্ণ হয়ে বিভাগীয় বাছাই প্রতিযোগীতায় বোলার হিসেবে উত্তীর্ণ হয়েছে।

সারাদেশ থেকে বাছাই প্রক্রিয়ার মাধ্যমে জাতীয় লেভেলে উত্তীর্ণদের ক্ষুদে থেকে পরিণত এবং প্রফেশনাল ক্রিকেটার হিসেবে গড়ার পরিকল্পনা নিয়ে PKCSBD ক্রিকেট `ট্যালেন্ট হান্ট’ প্রকল্প কার্যক্রম শুরু হয়েছে।

[redacted]

[redacted]

রোল মডেল হিসেবে পরিচিতি লাভ করেছে। সেই উন্নয়নের ধারাবাহিকতা বজায় রাখতে বাংলাদেশ আওয়ামীলীগ আমাকে সাহারবাটি ইউনিয়নের চেয়ারম্যান পদে নির্বাচন করার জন্য মনোনীত করেন। আজ আমার নির্বাচনি প্রচার প্রচারনার সময় বিএনপি জামাতের মদদ পুষ্ট স্বতন্ত্র প্রার্থী আমার নৌকার সর্মথকদের উপর দেশিয় অস্ত্র নিয়ে আমার কর্মির উপর হামলা চালায়। আমি আওয়ামীলীগ মনোনীত প্রার্থী হয়ে যদি হামলার শিকার হতে হয় তাহলে আমি ভোট বর্জন করতে বাধ্য হবো। কারন এই জামাত বিএনপির কারনে আমার পিতা সাবেক সাহারবাটি ইউনিয়ন পরিষদের ততকালিন চেয়ারম্যান বজলুর রহমানকে প্রকাশ্যে গুলি করে হত্যা করে। সেই একই কায়দাতে গোপনে আমাকেও হত্যার ষড়যন্ত্র করছে তারা। তাই প্রশাসনের কাছে আমরা মিনতি করছি এই সকল সন্ত্রাসীদের দ্রত গ্রেফতারের অনুরোধ জানাচ্ছি।

সংবাদ সম্মেলনে বক্তব্য রাখেন গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি আমিনুল ইসলাম সেন্টু, সাধারণ সম্পাদক আসিফ ইকবাল অনিক, পৌর ছাত্রলীগের সভাপতি ডালিম রানা প্রমুখ।এবিষয়ে স্বতন্ত্র প্রার্থী রাকিবুল ইসলাম টুটুল অভিযোগ অস্বীকার করে বলেন, আমি ও আমার কর্মীরা ভোমরদাহ গ্রামে ভোটের প্রচারণায় গেলে নৌকার কর্মীদের সাথে দেখা হয়। এসময় মোঃ মশিউর রহমান ও তার লোকজন আমাকে আবদ্ধ করে রাখার চেষ্টা করেন এবং আমার কর্মীদের ওপর মারমুখি হয়ে ওঠে। পরে আমি প্রশাসনের সহযোগীতায় স্থান ত্যাগ করি। তবে সেখানে কোন হামলার ঘটনা ঘটেনি। এবং কারো মোটরসাইকেল ভাংচুর করা হয়নি।

গাংনী থানার ওসি মোঃ বজলুর রহমান বলেন, এবিষয়ে আমার কাছে লিখিত অভিযোগ করার জন্য লোকজন এসেছে। লিখিত অভিযোগ পেলে আইননানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে।

দর্শনা প্রেসক্লাবে ১২ সদস্য অন্তর্ভূক্ত নবাগতদের ফুলেল

শুভেচ্ছা

দর্শনা প্রেসক্লাবে ১২ জন সদস্য অন্তর্ভূক্ত করা হয়েছে। নবাগতদের ফুলেল শুভেচ্ছা সহ অভ্যার্থনা জানানো হয়েছে প্রেসক্লাবের পক্ষ থেকে।

হাসমত আলী, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, আ. রহমান, সুকমল চন্দ্র দাস বাধন, মাসুম বিল্লাহ, আ. হান্নান ও আবিদ হাসান রিফাতকে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতিতে স্থায়ীভাবে সদস্যপদ দেয়া হয়েছে।

এ ছাড়া সহযোগী সদস্য হিসেবে অন্তর্ভূক্ত করা হয়েছে সুজন মাহমুদ, ফরহাদ হোসেন, আবজাজুল হক বাদল ও ইয়াছিন আরাফাতকে। সোমবার সন্ধ্যায় ১২ জনকে আনুষ্ঠানিকভাবে ফুলেল শুভেচ্ছা সহ অভ্যার্থনা জানানো হয়। দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি আওয়াল হোসেনের সভাপতিত্বে সভায় নতুনদের দিকনির্দেশনামূলক আলোচনা করেন, দর্শনা প্রেসক্লাবের সভাপতি মনিরুজ্জামান ধীরু, সহসভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হারুন রাজু, সহসম্পাদক নজরুল ইসলাম, সিনিয়র সাংবাদিক এফএ আলমগীর।

সাবেক সভাপতি ইকরামুল হক পিপুলের উপস্থাপনায় আরো আলোচনা করেন সাবেক সভাপতি হানিফ মন্ডল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবীব মামুন, জিল্লুর রহমান মধু, রাজিব মল্লিক প্রমুখ।